

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০০.০১১.১১.০০০১.২৫-৪০৪

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
২৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

ই-রিকুইজিশন (অনলাইন চাহিদা) প্রদান এবং সংশোধন (EDIT) অপশন চালু  
সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক পরবর্তী নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রবেশ পর্যায়ে (Entry Level) শূন্য পদে শিক্ষক সুপারিশের লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে MPO ভুক্ত শূন্য পদের অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদানের সর্বশেষ তারিখ নির্ধারিত ছিল ২৮ নভেম্বর ২০২৫। যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান শূন্য পদের অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদানে কোন ভুল করে থাকেন, তবে ঐ প্রতিষ্ঠানের ভুল সংশোধন করার জন্য EDIT অপশন চালু করা হয়েছে। উক্ত EDIT অপশনে প্রবেশ করে আগামী ২৯ নভেম্বর ২০২৫ তারিখ থেকে ০১ ডিসেম্বর ২০২৫ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে অনলাইনে চাহিদা (e-Requisition) সংশোধন করতে পারবেন। এছাড়াও উক্ত সময়ের মধ্যে MPO ভুক্ত শূন্য পদের অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদান করতে পারেন এবং ০২ ডিসেম্বর ২০২৫ তারিখে রাত ১২.০০ ঘটিকার মধ্যে e-Requisition ফি জমা প্রদান করতে হবে। পরবর্তীতে আর কোন সময় বৃদ্ধি করা হবে না।



(তাসনিম জেবিন শেখ)  
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন: ০২-৪১০৩০১২১.

অনুলিপি:

- ১। সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ২। অফিস কপি।